# মুলাদী মাহ্‌মুদজান মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন

মুলাদী, বরিশাল।

পত্র সংখ্যা: এমএমএমবিএএ/২০২৩/৮/ (৩৩), তারিখ: ২৩/০৯/২০২৩

বিষয়: মুলাদী মাহমুদজান সরকারি মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর ২০২৩-২০২৫ মেয়াদের কার্যনির্বাহী কমিটির ৩য় সভার কার্যবিবরণী।

সভার তারিখ: ২৫/০৮/২০২৩
সভার সময়: বিকাল ৪:৩০ ঘটিকা।
সভার স্থান: শতাব্দী আনন্দধারা, বাসা: ১-এ/১১, মিরপুর সাড়ে এগারো, ঢাকা।
(সহ-সভাপতি মিসেস কোহিনুর করিম এর বাসস্থান)

উপস্থিতি: সংযুক্ত

সভার প্রথম পর্ব:

সভাপতিত্ব করেন জনাব আবুল কালাম আজাদ। সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক মোঃ শহীদুল ইসলাম খান।

সমাজ কল্যাণ সম্পাদক মোঃ ইব্রাহিম হোসেন এর বাংলা অর্থসহকারে পবিত্র কুরআন তেলোয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। এ পর্বে মুলাদী মাহমুদজান মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রয়াত প্রতিষ্ঠাতা সদস্য ও প্রাক্তন সহ-সভাপতি জনাব মোঃ হারুন অর রশিদ এর স্মৃতিচারণ ও দোয়া এবং প্রাক্তন সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব আলী আজম খান এর মরহুম স্ত্রী মিসেস পারুল বেগম, অ্যালামনাই মাহবুব হোসেন (রিপন) তালুকদার এর মরহুম মাতা ও উপদেষ্টা জনাব ডাঃ নজরুল ইসলাম এর মরহুম ছোট ভাই ফরিদুল ইসলাম এর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

আমাদের জানামতে গত ২৬-০৫-২০২৩ খ্রিঃ অনুষ্ঠিতব্য কার্যনির্বাহী ২য় সভার পর থেকে অদ্যকার কার্যনির্বাহী কমিটির ৩য় সভা (২৫-০৮-২০২৩ খ্রিঃ) পর্যন্ত নিম্নলিখিত ব্যক্তিবর্গ ইন্তেকাল করেন-

১। প্রাক্তন সহ-সভাপতি ও প্রতিষ্ঠাতা সদস্য জনাব মোঃ হারুন অর রশিদ গত ১০ই আগস্ট ২০২৩ বাংলাদেশ সময় সন্ধ্যা ৯:০০ ঘটিকায় লন্ডনস্থ তার ছেলের বাসায় মৃত্যুবরণ করেন।

২। প্রতিষ্ঠাতা সদস্য ও প্রাক্তন সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব আলী আজম খান এর স্ত্রী অ্যালামনাই মিসেস পারুল বেগম গত ১৩ই জুলাই ২০২৩ খ্রিঃ বিকাল ৫:০০ ঘটিকায় ঢাকার খিলক্ষেতস্থ ছেলের বাসায় ইন্তেকাল করেন।

৩। অ্যালামনাই মোঃ মাহবুব হোসেন (রিপন) তালুকদার এর মমতাময়ী মা বার্ধক্যজনীত রোগে ১৬ ই আগস্ট ২০২৩ তারিখে ইন্তেকাল করেন।

৪। উপদেষ্টা জনাব ডাঃ নজরুল ইসলাম এর ছোট ভাই মোঃ ফরিদুল ইসলাম সড়ক দুর্ঘটনায় আহত হন এবং চিকিৎসাধীন অবস্থায় গত ২০শে আগস্ট ২০২৩ খ্রিঃ সুপার ম্যাক্স হসপিটাল, ধানমন্ডিতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।



ঢাকা কার্যালয়: সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইল: ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইল: muladimmbalumni@gmail.com

CamScanner

সাধারণ সম্পাদক মোঃ শহীদুল ইসলাম খান এর সঞ্চালনায় উল্লিখিত মরহুমদের স্মৃতিচারণ পর্বে বক্তব্য রাখেন জীবন সদস্য জনাব মোঃ রেজাউল করিম, উপদেষ্টামন্ডলী থেকে বীর মুক্তিযোদ্ধা প্রফেসর মোঃ শাখাওয়াত হোসেন, নির্বাহী কমিটি থেকে সহ-সভাপতি জনাব মোঃ নাসির উদ্দিন, অর্থ সম্পাদক মোসাঃ কামরুন্নাহার হান্নান (নীনা), নির্বাহী সদস্য-বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ মোহসীন উদ্দিন খান। সভাপতি আবুল কালাম আজাদ এর সমাপনী বক্তব্য রাখেন। শিক্ষা ও পাঠাগার সম্পাদক জনাব এ. কে. এম. জাকির হোসেন এর দোয়া পরিচালনার মাধ্যমে প্রথম পর্ব শেষ হয়।

**সভার ২য় পর্ব**

সভার প্রথম পর্ব শেষে বৈকালিক চা ও স্নাক্স পরিবেশনের মাধ্যমে দ্বিতীয় পর্ব শুরু হয়। অতঃপর জনাব আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মোঃ শহীদুল ইসলাম খান এর সঞ্চালনায় ২য় পর্বের মূল কার্যক্রম শুরু হয়।

**আলোচনা ও সিদ্ধান্ত**

সভার আলোচ্যসূচি অনুযায়ী প্রথমে কার্যনির্বাহী কমিটির ২য় সভার সিদ্ধান্ত পড়ে শুনানো হয় এবং অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় ফিক্সড ডিপোজিট, বেনোভেলেন্ট ফান্ড, বৃত্তি প্রদান অনুষ্ঠান আয়োজন, জেনারেল ফান্ড ও বকেয়া পরিশোধ, ওয়েবসাইট নির্মাণ, অ্যাসোসিয়েশন নিবন্ধনভুক্তকরণ, বার্ষিক সাধারণ সভা (এজিএম) ও বনভোজন ও বিবিধ বিষয়ের ওপর আলোচনা করা হয়।

**আলোচ্যসূচি ১: ফিক্সড ডিপোজিট**

ফিক্সড ডিপোজিট ও ব্যাংক হিসাবের বর্তমান স্ট্যাটাস সাধারণ সম্পাদক মোঃ শহীদুল ইসলাম খান ও অর্থ সম্পাদক মিসেস কামরুন্নাহার হান্নান (নিনা) সভায় তুলে ধরেন। এ বিষয়ে আলোচনায় অংশ নেন সহ-সভাপতি জনাব মোঃ নাসির উদ্দিন, সাংগঠনিক সম্পাদক জনাব এনামুল হক খান নকিব, সমাজ কল্যাণ সম্পাদক জনাব মোঃ ইব্রাহিম হোসেন, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক জনাব এস. এম. আলী আজম লাবু, দপ্তর সম্পাদক জনাব মঈনুল হাসান মানিক, প্রচার সম্পাদক জনাব আলতাফ হোসেন। সকলে বর্তমান ব্যাংকে সর্বোচ্চ হারে ফিক্সড ডিপোজিট পুনঃতফসিলিভুক্ত করার বিষয়ে মত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত**

১.১ এক (১) বৎসর / ছয় (৬) মাস / তিন (৩) মাস মেয়াদী এফডিআর এর মধ্যে সর্বোচ্চ লভ্যাংশের হার নির্ণয় করে এফডিআর বর্তমান ব্যাংকে পুনঃতফসিলিভুক্ত করতে হবে।

১.২ বেনোভেলেন্ট ফান্ডের ক্ষেত্রে একাধিক এফডিআর না খুলে এক বা দু'টির মধ্যে সীমাবদ্ধ রাখা যেতে পারে।

১.৩ ব্যাংক কর্তৃপক্ষের সাথে সর্বোচ্চ মুনাফার হার নেগোসিয়েশনের লক্ষ্যে সাধারণ সম্পাদক জনাব মোঃ শহীদুল ইসলাম খান-কে সহযোগিতা করবেন সাংগঠনিক সম্পাদক জনাব এনামুল হক খান নকিব ও সমাজ কল্যাণ সম্পাদক জনাব মোঃ ইব্রাহিম হোসেন।



ঢাকা কার্যালয়ঃ সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইলঃ ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইলঃ muladimmbalumni@gmail.com

CamScanner

আলোচ্যসূচি ২: বেনোভেলেন্ট ফান্ড

সভায় বেনোভেলেন্ট ফান্ড এক কোটি টাকায় উন্নীত করার ওপর গুরুত্বারোপ করা হয়। এ সম্পর্কিত আলোচনায় অংশ নেন সহ-সভাপতি জনাব মোঃ নাসির উদ্দিন, জনাব মোঃ এনায়েত হোসেন মন্টু, শিক্ষা ও পাঠাগার সম্পাদক জনাব এ. কে. এম. জাকির হোসেন ও সমাজ কল্যাণ সম্পাদক জনাব মোঃ ইব্রাহিম হোসেন। জনাব মোঃ নাসির উদ্দিন তাঁর অভিমত প্রকাশ করে জানান বেনোভেলেন্ট ফান্ড পরিচালনা কমিটির সদস্য হওয়ার জন্য ন্যূনতম ৫০,০০০.০০ টাকার অনুদানের বাধ্যবাধকতা বেনোভেলেন্ট ফান্ড বৃদ্ধি কার্যক্রমে ইতিবাচক ফল বয়ে আনবে না। বেনোভেলেন্ট ফান্ডের সদস্য হওয়ার যোগ্যতা যেহেতু ২০,০০০.০০ টাকার অনুদান সেহেতু জনাব মোঃ নাসির পরিচালনা কমিটির সদস্য হওয়ার জন্য ন্যূনতম ২০,০০০.০০ টাকা অনুদান দেখিয়ে গঠনতন্ত্র সংশোধনের জন্য জোরালো মত প্রকাশ করেন। সাংস্কৃতিক সম্পাদক জনাব মোঃ এনায়েত হোসেন মন্টু ভিন্নমত পোষণ করে গঠনতন্ত্রের বিদ্যমান প্রভিশনকে যথার্থ হিসেবে মত প্রকাশ করেন।

সিদ্ধান্ত

২.১ শুভাকাঙ্ক্ষী ও শুভানুধ্যায়ীদের (দেশী/প্রবাসী) তালিকা প্রস্তুত করতে হবে। সশরীরে যোগাযোগ ও পত্র প্রদান করে বেনোভেলেন্ট ফান্ডে অনুদান / পুনঃঅনুদান প্রদানের অনুরোধ জানাতে হবে।

২.২ শুভাকাঙ্ক্ষী ও শুভানুধ্যায়ীদের এবং বিশিষ্ট ব্যক্তিবর্গের নামের তালিকা প্রস্তুতে কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ সাধারণ সম্পাদক ও অর্থসম্পাদককে সহায়তা করবেন।

২.৩ বেনোভেলেন্ট ফান্ডে অনুদান প্রদানের আহ্বান জানিয়ে তৈরি পত্রে সভাপতি, সাধারণ সম্পাদক ও অর্থ সম্পাদক স্বাক্ষর করবেন ও WhatsApp Group - এ শেয়ার করবেন।

২.৪ অনুদান প্রদানের আহ্বান/অনুরোধ জানিয়ে নির্বাহী কমিটির সদস্যগণকে পত্র ইস্যু করা হবে।

২.৫ বেনোভেলেন্ট ফান্ড পরিচালনা কমিটির সদস্য হওয়ার জন্য যোগ্যতা ন্যূনতম ২০,০০০.০০ টাকার অনুদান করা যায় কিনা তা গঠনতন্ত্র সংশোধন কমিটি যাচাই বাছাই করে নির্বাহী কমিটির সভায় উপস্থাপন করবে। এর পর পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। সার্বিক পরিস্থিতি বিবেচনায় বর্তমান নির্বাহী কমিটি এ বিষয়ে সবার মতামতের ভিত্তিতে নমনীয় অবস্থান গ্রহণ করবে।

আলোচ্যসূচি ৩: বৃত্তি প্রদান

এ পর্যায়ে আলোচনায় অংশ নেন দপ্তর সম্পাদক জনাব মঈনুল হাসান মানিক, সাংগঠনিক সম্পাদক জনাব এনামুল হক খান নকিব ও প্রচার সম্পাদক জনাব আলতাফ হোসেন।

সিদ্ধান্ত

৩.১ বৃত্তি প্রদানের তারিখ সেপ্টেম্বর/২০২৩ এর ৩য় অথবা ৪র্থ সপ্তাহের যে কোন শুক্রবার/শনিবার বা পারস্পরিক সুবিধাজনক সময়ে করার লক্ষ্যে প্রধান শিক্ষকের নিকট একটি পত্র প্রেরণ করা হবে।



ঢাকা কার্যালয়ঃ সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইলঃ ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইলঃ muladimmbalumni@gmail.com

CamScanner

৩.২ বৃত্তি প্রাপ্যদের ক্রাইটেরিয়া প্রধান শিক্ষক মহোদয়ের নিকট প্রেরণ করা হবে।

৩.৩ মন্ত্রিপরিষদ সচিব জনাব মোঃ মাহবুব হোসেন, ড. মইনুল হোসেন খান, সদস্য (এনবিআর), ১ নম্বর উপদেষ্টা জনাব এ্যাডভোকেট এম. এ. বারি এবং শান্তা মরিয়ম বিশ্ববিদ্যালয় এর প্রফেসর ড. মোঃ শাহ-ই-আলম মহোদয়ের সাথে আলোচনাপূর্বক তাদের সম্মতিক্রমে একজন প্রধান অতিথি নির্ধারণ করা হবে।

৩.৪ একটি অগ্রগামী দল অনুষ্ঠানের ২/৩ দিন পূর্বেই প্রেরণ করা। সমাজ কল্যাণ সম্পাদক জনাব মোঃ ইব্রাহিম হোসেন, দপ্তর সম্পাদক জনাব জনাব মঈনুল হাসান মানিক, প্রচার ও জনসংযোগ সম্পাদক জনাব আলতাফ হোসেন অগ্রগামী দলে অন্তর্ভুক্ত হতে পারেন।

**আলোচ্যসূচি ৪: জেনারেল ফান্ড ও বকেয়া পরিশোধ**

সভায় জানানো হয় যে ২০২২ সালের বৃত্তি প্রদানের অর্থ এবং বার্ষিক সাধারণ সভা ও বনভোজন অনুষ্ঠানের ব্যয় সাধারণ ফান্ড থেকে নির্বাহ করা হয়। এ ক্ষেত্রে আলোচনায় অংশ নেন সহ-সভাপতি জনাব মোঃ নাসির উদ্দিন, সাধারণ সম্পাদক মোঃ শহীদুল ইসলাম খান এবং সাংগঠনিক সম্পাদক জনাব এনামুল হক খান নকিব। ২০২২ সালের বার্ষিক সাধারন সভা ও বনভোজন আয়োজনের ব্যয় নির্বাহের জন্য প্রাক্তন সাধারণ সম্পাদক ও বর্তমান কমিটির ১ নম্বর সহ-সভাপতি জনাব শরীফ মোঃ ছিদ্দিকুর রহমানের কাছ থেকে ঋণ করা হয়। উপস্থিত সকলে সাধারণ তহবিল থেকে টাকা তুলে দ্রুত সময়ের মধ্যে ঋণ পরিশোধ এবং ২০২৩ সালের বৃত্তি প্রদানের জন্য মত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত**

৪.১ বৃত্তি প্রদান (২০২২) এবং বনভোজন ও বার্ষিক সাধারণ সভা - ২০২২ আয়োজনের বকেয়া দায়-দেনা (ঋণ) সাধারন তহবিল থেকে পরিশোধ করতে হবে।

৪.২ বৃত্তি প্রদান-২০২৩ এর ব্যয় আপতত সাধারণ তহবিল থেকে পরিশোধ করতে হবে।

৪.৩ উল্লিখিত ব্যয় নির্বাহ ও ঋণ পরিশোধের জন্য সাধারণ তহবিলের এফডিআর (Arrangement ID: AA212740GDNP, Account No: 1410000513374, Old Account: 110141329963142, Mercantile Bank, Main Branch, Dilkusha, Dhaka) ভাঙ্গানো হবে।

৪.৪ বৃত্তি প্রদানের অর্থ পরবর্তীতে বেনোভেলেন্ট ফান্ড ও এতদসংশ্লিষ্ট এফডিআর-এর সাথে সমন্বয় করতে হবে।

৪.৫ যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে দ্রুততার সাথে অগ্রাধিকারভিত্তিতে বকেয়া পরিশোধ করতে হবে।

**আলোচ্যসূচি ৫: ওয়েবসাইট নির্মাণ**

এ পর্যায়ে আলোচনায় অংশ নেন সাহিত্য ও প্রকাশনা সম্পাদক জনাব এস. এম. আলী আজম লাবু ও দপ্তর সম্পাদক জনাব মঈনুল হাসান মানিক।



ঢাকা কার্যালয়ঃ সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইলঃ ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইলঃ muladimmbalumni@gmail.com

CamScanner

**সিদ্ধান্ত**

৫.১ ওয়েবসাইট নির্মাণের লক্ষে বর্তমান কমিটি ও পূর্বের কমিটির সদস্যবৃন্দের ছবি সংগ্রহ করতে হবে। সাধারণ সম্পাদক মোঃ শহীদুল ইসলাম খান এর নিকট নির্বাহী কমিটির সদস্যগণ পাসপোর্ট সাইজের ছবি (সফ্টকপি/হার্ডকপি) প্রেরণ করবেন। সাধারণ সম্পাদক মহোদয় এক্ষেত্রে প্রত্যেকের সাথে যোগাযোগ করবেন।

৫.২ সংশোধিত গঠনতন্ত্র ওয়েবসাইটে আপলোড করতে হবে। জনাব এস. এম. আলী আজম লাবু সংশোধিত গঠনতন্ত্র ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা করবেন।

**আলোচ্যসূচি ৬: নিবন্ধনভুক্তকরণ**

অ্যাসোসিয়েশন নিবন্ধনভুক্তকরণের ওপর গুরুত্বারোপ করে সকলে মত প্রকাশ করেন যে, অ্যাসোসিয়েশনের ব্যাংক হিসাব পরিচালনাসহ অনেক লিগাল বিষয় উদ্ভূত হতে পারে যেখানে সংশ্লিষ্ট সরকারি সংস্থার আওতায় অ্যাসোসিয়েশন নিবন্ধনভুক্তকরণ পূর্বশর্ত হিসেবে বিবেচিত হয়। নিবন্ধনভুক্তকরণের লক্ষ্যে আগামী ৩১শে আগস্ট ২০২৩ ইং তারিখের মধ্যে সমাজকল্যাণ/সমাজসেবা অধিদপ্তর হতে আবেদনপত্র সংগ্রহ করা বিষয় আলোচনা হয়।

**সিদ্ধান্ত**

৬.১ অ্যাসোসিয়েশন নিবন্ধনভুক্তকরণের কাজে সাধারণ সম্পাদক মোঃ শহীদুল ইসলাম খান-কে সহযোগিতা করবেন সমাজ কল্যাণ সম্পাদক জনাব মোঃ ইব্রাহিম হোসেন। তাঁরা ফরম সংগ্রহ, প্রাথমিক আবেদন পত্র দাখিল, নামের প্রাথমিক ছাড়পত্র সংগ্রহের উদ্যোগ নিবেন।

৬.২ নিবন্ধনভুক্তকরণের পরবর্তী ধাপের জন্য সাধারণ সম্পাদক মোঃ শহীদুল ইসলাম খানের নেতৃত্বে ৫ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা যেতে পারে।

**আলোচ্যসূচি ৭: বার্ষিক সাধারণ সভা ও বনভোজন ২০২৩**

এ পর্যায়ে উপস্থিত সকলেই আলোচনায় অংশ নেন।

**সিদ্ধান্ত**

৭.১ বার্ষিক সাধারণ সভা (এজিএম) ২০২৩ এর নভেম্বর শেষ সপ্তাহের মধ্যে সম্পন্ন করতে হবে।

৭.২ এজিএম এর স্থান পূর্বাচলে অবস্থিত জলসিড়ি রিসোর্টে করার সম্ভাব্যতা যাচাই করা হবে। বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ইঞ্জিনিয়ার লেঃ কর্নেল মোঃ নূরুল আলম (অবঃ) এ ব্যাপারে চূড়ান্ত মতামত দিতে পারেন।

৭.৩ বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় এবং দেশের সাধারণ নির্বাচন ডিসেম্বর ২০২৩ মাসে অথবা জানুয়ারি ২০২৪ এর প্রথম সপ্তাহে হতে পারে বিধায় বনভোজন দেশের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পর সুবিধাজনক সময়ে আয়োজন করা যেতে পারে।

**আলোচ্যসূচি ৮: বিবিধ**

পরবর্তী সভা আয়োজনের আলোচনায় যুগ্ম সম্পাদক জনাব মোঃ সহিদুল ইসলাম তাঁর নিজ বাসায় স্পনসর করার আগ্রহ প্রকাশ করে বার্তা প্রেরণ করেন। অদ্যকার সভায় অংশগ্রহণ করতে না পারায় তিনি দুঃখ প্রকাশ করেন। উপস্থিত সকলে পরবর্তী সভা আয়োজনে তাঁর পৃষ্টপোষকতাকে স্বাগত জানায়।



ঢাকা কার্যালয়ঃ সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইলঃ ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইলঃ muladimmbalumni@gmail.com

CamScanner

সিদ্ধান্ত

৮.১ যুগ্ম সম্পাদক জনাব মোঃ সহিদুল ইসলাম-এর বসুন্ধরাস্থ বাসায় নির্বাহী কমিটির পরবর্তী সভা অনুষ্ঠিত হবে।

এ পর্যায়ে অদ্যকার সভার হোস্ট মিসেস কোহিনুর করিমকে তাঁর আন্তরিক আয়োজন, আতিথেয়তা এবং নৈশভোজের জন্য উপস্থিত সকলে ধন্যবাদ জানান। সার্বক্ষণিক পাশে থেকে হোস্টকে সার্বিক সহযোগিতা করেছেন জনাব মোঃ রেজাউল করিম। করতালির মাধ্যমে তাঁদের দু'জনকে সকলে অভিনন্দিত করেন, তাঁদের দীর্ঘায়ু কামনা করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.০২.২০২৩

মোঃ শহীদুল ইসলাম খান
সাধারণ সম্পাদক
মুলাদী মাহমুদজান মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই
অ্যাসোসিয়েশন
মুলাদী, বরিশাল।

২৬.০২.২০২৩

আবুল কালাম আজাদ
সভাপতি
মুলাদী মাহমুদজান মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই
অ্যাসোসিয়েশন
মুলাদী, বরিশাল।



ঢাকা কার্যালয়ঃ সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইলঃ ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইলঃ muladimmbalumni@gmail.com

CamScanner